দামুড়হুদায় রাইস ট্রান্সপ্লান্টারের মাধ্যমে বোরো ধান রোপন ও আলোচনা সভা

দামুড়হুদায় ২০২২-২৩ অর্থ বছরে রবি মৌসুমে সমলয়ে চাষাবাদে রাইস ট্রান্সপ্লান্টারের মাধ্যমে বোরো ধান রোপন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার বিকাল সাড়ে ৪টার দিকে দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের মিশন পাড়ায়।

দামুড়হুদা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বাস্তবায়নে উক্ত আলোচনা সভায় চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক বিভাস চন্দ্র সাহা’র সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জেলা প্রশিক্ষণ অফিসার মোহাম্মদ আলী জিন্নাহ, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগম, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মোঃ শহিদুল ইসলাম, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম, দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা মনিরুজ্জামান মনির, দামুড়হুদা উপজেলা সিআইজি কৃষক সংগঠনের সভাপতি সামসুল ইসলাম সহ স্থানীয় কৃষকবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীতে বঙ্গবন্ধুর স্বদেশ

প্রত্যাবর্তন দিবস পালিত

মেহেরপুরের গাংনীতে আইন সহায়তা কেন্দ্র ফাউন্ডেশনের উদ্যোগে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।

গাংনী আইন সহায়তা ফাউন্ডেশনের সভাপতি রফিকুল ইসলাম পথিকের সভাপতিত্বে বক্তব্য রাখেন প্রবীণ রাজনীতিবিদ হারুন অর রশিদ, গোলাম মুহাম্মদ, মিজানুর রহমান, শফিউল ইসলাম স্বপন,আবু হোসেন প্রমুখ।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন অনুষ্ঠানের আলোচনা সভা সঞ্চালনা করেন উপজেলা আইন সহায়তা ফাউন্ডেশনে সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন।

কুষ্টিয়ায় কালের কণ্ঠের ১৩তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

কুষ্টিয়ায় কালের কণ্ঠের ১৩ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন উপলক্ষে আলোচনা, কেক কাটা ও ছিন্নমুল মানুষের মাঝে রান্না করা খাবার বিতরণ অনুষ্ঠানে আয়োজন করা হয়েছে ।

মঙ্গলবার দুপুরে কালের কণ্ঠ কুষ্টিয়ার জেলা প্রতিনিধি তারিকুল হক তারিকের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন, জেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব সদর উদ্দিন খান,জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আজগর আলী,টিআইবি পরিচালিত সচেতন নাগরিক কমিটির জেলা কমিটির সভাপতি ও কালের কণ্ঠের শুভসংঘের সভাপতি আলহাজ্ব রফিকুল আলম টুকু, কুষ্টিয়া প্রেস ক্লাবের সভাপতি ও বাংলাদেশ প্রতিদিনের প্রতিনিধি,আল মামুন সাগর, চ্যানেল আইয়ের জেলা প্রতিনিধি, আন্দোলনের বাজার পত্রিকার সম্পাদক ও কুষ্টিয়া প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক আনিসুজ্জামান ডাবলু, সংবাদের প্রতিনিধি মিজানুর রহমান লাকি, ইত্তেফাকের প্রতিনিধি

মোস্তাফিজুর রহমান মঞ্জু, কালের কণ্ঠের শুভসংঘের সাধারণ সম্পাদক কাকলী খাতুন প্রমুখ।

অনুষ্ঠানে কুষ্টিয়া জেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব সদর উদ্দিন খান বলেছেন, ‘একটি সমাজ বা দেশকে এগিয়ে নিতে সাংবাদিকদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। বাংলাদেশকে বঙ্গবন্ধুর সোনার বাংলা হিসেবে গড়ে তুলতে হলে সাংবাদিকসহ সব শ্রেণি পেশার মানুষকে একযোগে দেশের স্বার্থে কাজ করতে হবে।

এ ছাড়াও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আজগর আলী বলেন, বাংলাদেশের অন্যতম প্রধান পত্রিকা হচ্ছে দৈনিক কালের কন্ঠ। জাতির বিবেকের প্রতিনিধি হচ্ছে সাংবাদিকরা। তেমনি বস্তুনিষ্ঠতা ও অনুসন্ধানী সাংবাদিকতার জন্য প্রকাশের অল্প দিনের মধ্যেই কালের কণ্ঠ দেশের অন্যতম জনপ্রিয় দৈনিকে পরিণত হয়েছে। কালের কণ্ঠ সংবাদ পরিবেশন করে সমাজ তথা দেশের উন্নয়নের অংশীদার হচ্ছে।

অনুষ্ঠানের শেষে কালের কন্ঠের সুর্দীঘ প্রকাশনা অব্যহত যাতে থাকে সে জন্যে মহান আল্লার দরবারে দোয়া করা হয়। ইত্তেফাকের প্রতিনিধি মোস্তাফিজুর রহমান মঞ্জু দোয়া পরিচালনা করেন।

অনুষ্ঠানে সাংবাদিক ও সুধীজনসহ শুভসংঘের শুভসংঘেরর যুগ্ম সম্পাদক সুমাইয়া খাতুন,প্রচার সম্পাদক এসএম জামাল, মুন্তাসির আহম্মেদ, মেহেদী হাসান জয়, খালেদ, মোসাব্বির, নাফিজ,রিজাসহ সকল সদস্যরা উপস্থিত ছিলেন। পরে শুভসংঘের সদস্যরা শহরের কোট রেলওয়ে ষ্টেশনে শতাধিক ছিন্নমুল অসহায় দু:স্থ্যদের মাঝে দুপুরের খাবার ও মিষ্টি বিতরণ করেন।

কোটচাঁদপুরে স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত

যথাযোগ্য মর্যাদায় কোটচাঁদপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে জাতির জনক বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে মঙ্গলবার বিদ্যালয়ে আলোচনা সভা করা হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসাহাক আলী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অভিভাবক সদস্য মোঃ মোমেন আল আরাফাত সোহেল, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অভিভাবক সদস্য মোঃমঈন উদ্দিন খান, মোঃ সাইফুর রহমান মিন্টু ,মোঃ মফিদুল ইসলাম,সহকারী প্রধান শিক্ষক এসএম হুমায়ুন কবির শিক্ষক প্রতিনিধি মোঃ রবিউল ইসলাম মো: আবু রাসেল,বিদ্যালয়ের নবম শ্রেণির ছাত্রী মরিয়া ও তাহমিদ ইসফার।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন,সহকারী শিক্ষক শফিকুল ইসলাম। আলোচনা সভায় বক্তারা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যবর্তন দিবসের বিভিন্ন দিক তুলে ধরেন। এ সময় শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, ছাত্র /ছাত্রী সহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী বৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শেষে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ও ঝিনাইদহ ৩ আসনের মাননীয় জাতীয় সাংসদ এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চলের শারিরীক সুস্থ্যতা কামনা করে দোয়া করা হয়।

দামুড়হুদায় বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত

দামুড়হুদায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত হয়েছে আজ মঙ্গলবার বিকাল সাড়ে ৪টার সময় দামুড়হুদা ডাক বাংলা চত্তরে।

বঙ্গবন্ধুর স্বপ্ন ক্ষুধা, দারিদ্র্যমুক্ত ও অসাম্প্রদায়িক চেতনার বাংলাদেশ গড়বোই।

এই শ্লোগানকে সামনে রেখে উক্ত অনুষ্ঠানে জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি মাহফুজুর রহমান মঞ্জু’র সভাপতিত্বে, এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক ও সাবেক জেলা পরিষদের সদস্য শফিউল কবির

ইউসুফ, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাবেক যুগ্ন – সাধারণ সম্পাদক আঃ আজিজ, জেলা পরিষদের নবনির্বাচিত সদস্য এ্যাডঃ সিরাজুল ইসলাম, সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক হযরত আলী।

দামুড়হুদা উপজেলা আওয়ামী যুবলীগের সাবেক আহবায়ক এ্যাডঃ আবু তালেব এর সঞ্চালনায় এসময় আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আঃ হাশেম মেম্বার, নতিপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মমিন মাস্টার, জুড়ানপুর ইউনিয়ন আওয়ামীগের সাধারণ সম্পাদক আবু তালেব মাষ্টার,নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী,নতিপোতা ইউনিয়ন আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আঃ রাজ্জাক ফাকের মাষ্টার।নাটুদহ ইউনিয়ন আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আঃ সালাম, ৩নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ইমতিয়াজ হোসেন, দামুড়হুদা উপজেলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক শওকত আলী, সহ সভাপতি সাইফুল ইসলাম।দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু।উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি জামিরুল ইসলাম,সাবেক সাধারণ সম্পাদক নিশান তরফদার।দামুড়হুদা সদর ইউনিয়ন ছাত্র লীগের সভাপতি শেখ সোহেল, হাউলী ইউনিয়ন ছাত্র লীগের আহবায়ক রাসেল আহাম্মেদ, আব্দুল ওদুদ শাহ ডিগ্রী কলেজ ছাত্রলীগের আহবায়ক শাহীন মোল্লা, যুগ্ম আহ্বায়ক আঃ করিম, সাবেক ছাত্রলীগ নেতা আনারুল, দর্শনা কলেজ ছাত্রলীগ নেতা হৃদয় হাসান, নাহিদ বিশ্বাস অনিক , সবুজ সহ স্থানীয় আওয়ামীলীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতৃবৃন্দ।

অনুষ্ঠানে দোয়া পরিচালনা করেন, দামুড়হুদা খাঁনপাড়া জামে মসজিদের ইমাম মাওলানা জয়নাল আবেদীন।

চুয়াডাঙ্গা ওয়েভ ফাউন্ডেশনের সংবাদ সম্মেলন

চুয়াডাঙ্গা জেলা প্রেসক্লাবের সামনে গত ৭ জানুয়ারি ২০২৩ সকাল ১১ টার সময় ওয়েভ ফাউন্ডেশনের ৫১৪ কর্মী চাকরীচ্যুত মানববন্ধন ও

মানববন্ধনে সংস্থার নির্বাহী পরিচালক বিরোধী বক্তব্য ও সম্বলিত বিভিন্ন ব্যানার ফেস্টুন এবং ৪৫০-৫০০ জন চাকুরীচ্যুত সম্পূর্ণরুপে বানোয়াট ও মিথ্যা।

এ সময় তিনি ৪৫০-৫০০ জনের চাকুরীচ্যুত বিষয়ে বলেন, ২০১৯-২০২২ সালে সেচ্ছায় পদত্যাগ ৪২৮ জন, অবসর ১৯ জন,তহবিল তছরুপ এবং দায়িত্ব পালনে দূর্বলতা কারণে ১৬৭ জন, বাধ্যতামূলক অবসর ২, নারীর প্রতি সহিংসতা ও অনৈতিকতার কারণে ১৬ জন কে বাদ দেওয়া হয়।

ওয়েভ ফাউন্ডেশন-এর গভর্নিং বোর্ডের সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন, প্রফেসর সিদ্দিকুর রহমান,বীর মুক্তিযোদ্ধা ফজলুল হক, বীর মুক্তিযোদ্ধা মহসিন আলী, ডাঃ সাহিনুর হায়দার, নজরুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা রাশেদুর নাহার, বীর মুক্তিযোদ্ধা বদরুল আলমসহ গভর্নিং বোর্ডের অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে ওয়েব ফাউন্ডেশনের পক্ষে আরও উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডেশনের পরিচালক ইফতেখার হোসেন, উপ-পরিচালক কানিজ ফাতেমা, উপ-পরিচালক জহির রায়হান, সহকারী পরিচালক কিতাব আলী, সিনিয়র সমন্বয়কারী আব্দুস সালাম, সিনিয়র সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ, এ্যাডভাইজার আব্দুস শুকুর,রিজিওন সমন্বয়কারী জিল্লুর রহমান সহ ওয়েভ ফাউন্ডেশনের বিভিন্ন ইউনিটের কর্মকর্তা বৃন্দ।

কোটচাঁদপুরে কিশোরদের সচেতনতা মূলক প্রশিক্ষন অনুষ্ঠিত

কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষন ও প্রশক্ষনের সামগ্রী বিতরণ করা হয়েছে। মঙ্গলবার দুপুরে কোটচাঁদপুরের শেরখালী মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রীদের মাঝে এ সব দেয়া হয়।

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো) ২য় পর্যায় এ প্রশিক্ষণের আয়োজন করেন। প্রশিক্ষনে

সভাপতিত্ব করেন ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক আক্কাস উদ্দিন ।

প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ ।

এ ছাড়া উপস্থিত ছিলেন উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সেলিম রেজা,সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ইউনুচ আলী। এরপর ছাত্রছাত্রীদের হাতে প্রশিক্ষন সামগ্রী তুলে দেয়া হয়। এ সামগ্রীর মধ্যে ছিল,স্যানেটারী প্যাড,খাতা,কলম।

মুজিবনগরে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন

১০ই জানুয়ারী ১৯৭২ সালের এই দিনে পাকিস্তানের সেই অন্ধকার প্রকোষ্ঠ থেকে মুক্তি পেয়ে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের মধ্য দিয়ে পূর্ণতা পায় বাংলাদেশের স্বাধীনতা। পাকিস্তান থেকে লন্ডন, লন্ডন থেকে দিল্লি এবং দিল্লি থেকে স্বাধীন বাংলাদেশে প্রত্যাবর্তন বঙ্গবন্ধুর এই যাত্রা ছিল অন্ধকার থেকে আলোর পথে যাত্রা।

সেই বিশেষ দিনটিকে স্মরণ করতে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের আয়োজনে, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন করা হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে মঙ্গলবার সকালে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স গেট থেকে উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতার নেতৃত্বে একটি র্যালী বের হয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতির পাদদেশে গিয়ে শেষ হয়। সেখানে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

পুষ্পস্তবক অর্পণ করেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী

লীগের সভাপতি মুজিবুর রহমান মধু, সম্পাদক নজরুল ইসলাম। দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মোস্তাকিম হক খোকন কমান্ডার, মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুর রহমান বল্টু, উপজেলা কৃষকলীগের সভাপতি জাহিদ হাসান রাজীব,সম্পাদক শাহিনুর রহমান মানিক, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সহ-সভাপতি মতিউর রহমান মতিন, যুব নেতা হাসানুজ্জামান লালটু,আব্দুর রাজ্জাক সহ বিভিন্ন ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি সাধারণ সম্পাদক সহ আওয়ামী লীগের অঙ্গ সংগঠনের নেতাকর্মীবৃন্দ।

মেহেরপুরে কালের কণ্ঠর ১৩ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

কেক কাটা ও আলোচনা সভার মধ্যে দিয়ে মেহেরপুরে জাকজমকভাবে পালিত হলো কালের কণ্ঠ’র ১৩ তম প্রতিষ্ঠাবার্ষিকী।

মঙ্গলবার সকালে মেহেরপুর জেলা প্রেস ক্লাব মিলনায়তনে এ কর্মসূচী অনুষ্ঠিত হয়।

শুভ সংঘ জেলা শাখার সভাপতি প্রফেসর নুরুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজে অধ্যক্ষ প্রফেসর শফিউল ইসলাম সরদার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহযোগী অধ্যাপক আবদুল্লাহ আল আমিন, বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অব.) আব্দুল মালেক, জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, উপজেলা সমবায় কর্মকর্তা মাহবুবুল হক মন্টু, সিনিয়র সাংবাদিক রফিকুল আলম, নারী সাংবাদিক দিলরুবা খাতুন, গাংনী প্রেস ক্লাবের সভাপতি এম এ লিংকন।

সাংবাদিক মাহাবুব চান্দুর সঞ্চালনায় স্বাগত বক্তব্য দেন কালের কণ্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন।

প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর শফিউল ইসলাম সরদার বলেন, কালের কণ্ঠ পত্রিকা জন্মলগ্ন থেকে শিক্ষাসহ নানা বিষয় নিয়ে গুরত্বপূর্ণ ভুমিকা পালন করে আসছে। কালের কণ্ঠ শুধু জাতীয়ভাবে নয়, জেলা

পর্যায়ের অনেক গুরত্বপূর্ণ সংবাদ প্রকাশ করছে। কালের কণ্ঠর শুভ সংঘর ছেলে মেয়েরা বিভিন্ন সময় অসহায়, দরিদ্রদের জন্য আর্তমানবতার সেবায় কাজ করছে যেগুলো সমাজ উন্নয়ন ভুমিকা রাখছে।

অন্যান্য বক্তারা বলেন, শক্তিশালী গণমাধ্যমে হিসেবে কালের কণ্ঠ পাঠকদের মনে স্থান করে নিয়েছে। সাদাকে সাদা, কালোকে কালো বলা গণমাধ্যমের সংখ্যা আমাদের সামনে হারিয়ে গেলেও কালের কণ্ঠ সে অগ্রণী ভুমিকা পালন করে চলেছে।

পরে কেক কেটে প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠান শেষ করা হয়। অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা, শিক্ষক, সাংবাদিক, শুভ সংঘর সদস্যরা অংশ নেন।

হোটেল আটলান্টিকা কাণ্ডে আরো এক যুবক গ্রেফতার, এ নিয়ে গ্রেফতার ৭

মেহেরপুরে হোটেল আটলান্টিকা কাণ্ডে জড়িত অভিযোগে নিহাল আল মুকিত নামের এক যুবককে গ্রেফতার করেছে জেলা গোয়েন্দা পুলিশ(ডিবি)।

গত রবিবার রাতে মেহেরপুর শহরের এশিয়া নেট মোড় থেকে তাকে গ্রেফতার করা হয়। আটক নিহাল আল মুকিত শহরের বড় বাজার এলাকার নজরুল ইসলামের ছেলে।

এ নিয়ে হোটেল আটলান্টিকা কাণ্ডে পুলিশ ৭জনকে আটক করলো। বাকিরা হলেন; কথিত সাংবাদিক নাজনিন খান প্রিয়া, হোটেল মালিক মতিয়ার রহমান, তার ছেলে মামুন, হিজুলির ছন্দা খাতুন, হোটেল কর্মচারী হাসিবুল হক জয়, সাংবাদিক মিজানুর রহমান জনি।

ডিবি জানায়, গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর ডিবির ওসি সাইফুল আলমের নেতৃত্বে এসআই আশরাফ সহ সঙ্গীফোর্স নিয়ে শহরের বড় বাজার এলাকার এশিয়া নেট মোড়ে অভিযান চালিয়ে নিহালকে গ্রেফতার করা হয়। নিহালের কাছে থেকে মেহেরপুর শহরের আলোচিত আটলান্টিক হোটেল